

# ঈদের ছুটির পর শিক্ষাপ্রতিষ্ঠানকে মানতে হবে ৬ নির্দেশনা

অনলাইন ডেক্স

২০ এপ্রিল ২০২৩ ১১:৩৮ এএম | আপডেট: ২০ এপ্রিল

২০২৩ ০২:১৫ পিএম

10  
Shares



ফাইল ছবি

advertisement

প্রতিষ্ঠানগুলোতে চলছে পবিত্র রমজান মাস ও ঈদুল ফিতর উপলক্ষে ছুটি। এ সময় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ময়লা, আবর্জনা জমবে। ছুটি শেষে শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর এসব ময়লা পরিষ্কারসহ ছয়টি নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

গত বৃহস্পতিবার অধিদপ্তরের সহকারী পরিচালক (মাধ্যমিক-২) এস এম জিয়াউল হায়দার হেনরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব নির্দেশনা দেওয়া হয়েছে।

advertisement

এতে বলা হয়, পবিত্র রজমান মাস উপলক্ষে বার্ষিক ছুটির তালিকা অনুযায়ী ২৩ মার্চ থেকে মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন ছুটি প্রবর্তী খোলার পর এসব নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে হবে।

নির্দেশনাগুলো হলো: ১. শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিষ্কার পরিচ্ছন্ন করা; ২. নতুন কারিকুলাম বাস্তবায়নে সম্প্রতি গৃহীত প্রশিক্ষণ হতে লক্ষ ভগানের যথাযথ প্রয়োগ করা; ৩. নতুন কারিকুলাম বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিত দায়িত্ব অনুসরণ; ৪. অভিভাবক সমাবেশ আয়োজনের মাধ্যমে অভিভাবকদের সচেতন করা; ৫. নতুন কারিকুলাম সম্পর্কে ইতিবাচক ধারণা বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ; ৬. কারিকুলাম অনুযায়ী শিখন কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখা।